# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে বলা হয়, বাড়াবাড়ি থেকে সতর্ককারী কয়েকটি শর‘য়ী দলীল উল্লেখ কর।

উত্তর: বল, বাড়াবাড়ি থেকে নিষেধকারী দলীলসমূহ কুরআন ও সুন্নাহে অঢের। যেমন আল্লাহ তা‘আলার বাণী: “আর না আমি ভানকারীদের অন্তর্ভুক্ত”। [সূরা সোয়াদ, আয়াত: ৮৬] আল্লাহ তা‘আলা বনী ইসরাইলকে দীনের ব্যাপারে বাড়াবাড়ি করতে নিষেধ করেছেন। তিনি বলেন,

يَٰٓأَهۡلَ ٱلۡكِتَٰبِ لَا تَغۡلُواْ فِي دِينِكُمۡ [النساء : ١٧١]

“হে আহলে কিতাব তোমরা তোমাদের দীনের মধ্যে বাড়াবাড়ি করো না”। [সূরা আন-নিসা, আয়াত: ১৭১] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা বাড়াবাড়ি থেকে সাবধান থেকো। কারণ, তোমাদের পূর্ববর্তীরা বাড়াবাড়ির কারণেই ধ্বংস হয়েছে”। হাদীসটি আহমদ বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেছেন, “বাড়াবাড়ি-কারীরা ধ্বংস হয়েছে; বাড়াবাড়ি-কারীরা ধ্বংস হয়েছে; বাড়াবাড়ি-কারীরা ধ্বংস হয়েছে”। হাদীসটি মুসলিম বর্ণনা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10004

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন